শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সিলেট বন বিভাগ
সিলেট
www.forest.sylhetdiv.gov.bd

# বনজদ্রব্য নিলাম বিজ্ঞপ্তি

নিলাম বিজ্ঞপ্তি নং-২৬/জব্দ অব ২০২০-২০২১ তারিখ-০৯/০৬/২০২১ খ্রিঃ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বন বিভাগের আওতাধীন বিভিন্ন রেঞ্জ/বিট/এসএফএনটিসিতে মজুদ জব্দকৃত/বাজেয়াপ্তকৃত/ঝড়েপড়া/আহরিত বনজদ্রব্যের লটসমূহ যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় নিম্নবর্ণিত তারিখ, স্থান ও সময়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়ের প্রজ্ঞাপন নং-পবম (বঃ শা-১)/৫৯/২০০৩(অংশ-১)/৮৫ তারিখ-১৪/০৩/২০১৮খ্রিঃ মূলে পুনঃ গঠিত কমিটির উপস্থিতিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হইবে। নিলাম বিজ্ঞপ্তির বিস্তারিত শর্তাবলী, লটের বনজদ্রব্যের তালিকা ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট ও সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার কার্যালয় হইতে নিলামের পূর্বের দিন অফিস চলাকালীন সময় পর্যন্ত দেখিতে ও জানিতে পারা যাইবে।

| নিলামের স্থান | রেঞ্জের নাম | নিলামের তারিখ | সময় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| স্ট্রাইকিং ফোর্স এর কার্যালয় প্রাঙ্গন চুনারুঘাট, হবিগঞ্জ | শায়েস্তাগঞ্জ রেঞ্জ, রঘুনন্দন রেঞ্জ ও কালেঙ্গা রেঞ্জ | ২০/০৬/২০২১খ্রিঃ | সকাল ১০.০ ঘটিকা হইতে |
| মহকুমা বন কর্মকর্তার কার্যালয় প্রাঙ্গন শ্রীমঙ্গল, মৌলভীবাজার | মৌলভীবাজার রেঞ্জ, রাজকান্দি রেঞ্জ, কুলাউড়া রেঞ্জ , জুরী রেঞ্জ ও বড়লেখা রেঞ্জ | ২২/০৬/২০২১খ্রিঃ | সকাল ১০.০ ঘটিকা হইতে |
| রেঞ্জ কর্মকর্তার কার্যালয় প্রঙ্গান, সুনামগঞ্জ | সুনামগঞ্জ রেঞ্জ | ২৩/০৬/২০২১খ্রিঃ | সকাল ১০.০ ঘটিকা হইতে |
| বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয় প্রাঙ্গন চাঁদনীঘাট, সিলেট | টাউন রেঞ্জ , সিলেট রেঞ্জ ও সারী রেঞ্জ | ২৭/০৬/২০২১খ্রিঃ | সকাল ১০.০ ঘটিকা হইতে |

## শর্তাবলী

১। নিলামে অংশগ্রহণকারীকে নিলাম কার্য শুরু হওয়ার পূর্বে নিলামস্থলে নিম্নলিখিত কাগজপত্র জমা দিয়া নাম নিবন্ধন করিতে হইবে অন্যথায় নিলাম ডাকে অংশ গ্রহণ করিতে পারিবেন না।

(ক) বন বিভাগ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ মহালদারী তালিকাভূক্তি বহি অথবা হালনাগাদ নবায়নকৃত 'স' মিল লাইসেন্স অথবা ট্রেড লাইসেন্স এর সত্যায়িত আলোকছাপ।

(খ) হালনাগাদ টি.আই.এন নম্বর সম্বলিত আয়কর সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত আলোকছাপ

(গ) ভ্যাট নিবন্ধন পত্রের সত্যায়িত আলোকছাপ।

(ঘ) নাগরিকত্ব সনদপত্র/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত আলোকছাপ।

২। নিলামে অংশগ্রহণকারীকে নিলামে অংশগ্রহণের পূর্বে নগদ অথবা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে "বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট" এর বরাবরে (Pledged to D.F.O. Sylhet) ২০,০০০/= (বিশ হাজার ) টাকা বায়না স্বরূপ জমা দিয়া ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি ১নং শর্তে বর্ণিত কাগজ পত্রের সঙ্গে জমা দিতে হইবে। বায়নার টাকা ব্যতিরেকে কাহাকেও নিলামে অংশ গ্রহণ করিতে দেওয়া হইবে না। নিলামকার্য সম্পন্ন হওয়ার পর কেবল মাত্র অসফল নীলাম ডাককারীর আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তর কর্তৃক যথাসময়ে বায়নার টাকা অবমুক্ত করা হইবে।

৩। নিলামে অংশগ্রহণকারীকে নিলামের নির্ধারিত তারিখের পূর্বে তপশীলে বর্ণিত বনজদ্রব্যাদি সরেজমিনে ভালভাবে দেখিয়া নিতে হইবে। নিলামের পর বিক্রত বনজদ্রব্যের অবস্থান, জাত ও গুনগতমান সম্মন্ধে কাহারও কোন আপত্তি কোন ভাবেই গ্রহনযোগ্য হইবে না।

৪। সর্বোচ্চ বা যে কোন ডাক গ্রহণ করা বা না করা নিলাম কমিটির একতিয়ারাধীন। ইহার জন্য নিলাম কমিটি কোন প্রকার কারণ দর্শাইতে বাধ্য নহেন।

৫। নিলাম ডাক গ্রহণের সাথে ক্রেতাকে নিম্নখিলিত ভাবে লটের ডাকমূল্য পরিশোধ করিতে হইবে :

(ক) ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পর্যন্ত নিলাম ডাকমূল্যের ১০০% ডাকমূল্য,ডাকমূল্যের উপর প্রযোজ্য আয়কর, ভ্যাট ও পরিবহন ব্যয়সহ সমুদয় অর্থ লট ক্রেতাকে নিলামস্থলে নগদে জমা দিতে হবে। ইহাছাড়া, লট ক্রেতাকে লট অনুমোদনের তারিখ জানানোর পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার সহিত যোগাযোগ করতঃ নগদে জমাকৃত অর্থের সমপরিমান টাকার রসিদ সংগ্রহ/গ্রহণ করিতে হইবে। অন্যথায় জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে।

(খ) ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার উর্ধ্বে নিলাম ডাকমূল্যের ৭৫% অর্থ নিলামস্থলে নগদে জমা প্রদান এবং অবশিষ্ট ২৫% অর্থ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক ডাকমূল্য অনুমোদনের বিষয়টি অবহিত হওয়ার পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে আয়কর, ভ্যাট, ও পরিবহন ব্যয় সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার নিকট নগদে বন বিভাগীয় রশিদমূলে পরিশোধ/জমা প্রদান করিতে হইবে। অন্যথায় জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে।

(গ) ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার উর্ধ্বের লটের ডাকমূল্য কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হইবে।কর্তৃপক্ষের অনুমোদন পাওয়ার পর ক্রেতাকে বিক্রিত বনজদ্রব্য সরবরাহ প্রদান করা হইবে। ইহাতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণীয় হইবে না। কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া না গেলে নিলাম ডাক বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঘ) নিলাম ডাকের অর্থ পরিশোধ না করিলে সংশ্লিষ্ট নিলাম ডাককারীকে অন্য নিলাম ডাকে অংশ গ্রহণ করা হইতে বিরত রাখা যাইবে।

(ঙ) সফল নীলাম ডাককারী সমুদয় লটের মূল্য পরিশোধ করার পর তাহার আবেদনের প্রেক্ষিতে বায়নার টাকা ফেরৎ দেওয়া হইবে। বায়নার টাকা কোন অবস্থাতেই লটের মূল্যের সাথে সমন্বয় করা হইবে না।সকল লটের মূল্য পরিশোধ না করা হইলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা যাইবে।

৬। ক্রেতাকে তাহার খরিদকৃত বনজদ্রব্যের নিলাম মূল্যের অতিরিক্ত ৫% হারে উৎসে কর ও ৭.৫% হারে ভ্যাট অথবা সরকারি বিধিমালা মোতাবেক প্রদান কররিতে হইবে। তাহা ছাড়া সরকার কর্তৃক অন্য কোন কর প্রদেয় হইলে ক্রেতা তাহা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। উৎসে কর ও ভ্যাট এর হার পরিবর্তিত হইলে, পরিবর্তিত হারে তাহা পরিশোধ করিতে হইবে।

৭। নিলাম ক্রেতা ৫নং শর্তানুযায়ী লটের অর্থ পরিশোধে ব্যর্থ হইলে, নিম্নস্বাক্ষরকারী তাহার বায়নার টাকা বাজেয়াপ্ত করতঃ ডাকমূল্য বাতিল পূর্বক উক্ত লটের গাছ পরবর্তী যে কোন নিলামে বিক্রয় করিতে পারিবেন। ২য় নিলাম ডাকমূল্য ও বাজেয়াপ্তকৃত বায়নার টাকার সমষ্টি ১ম নিলামের ডাকমূল্য অপেক্ষা কম হইলে, ঐ পার্থক্যের সমপরিমাণ অর্থ সরকারী পাওনা হিসাবে পরিশোধ করার জন্য ১ম নিলাম ক্রেতাকে নোটিশ প্রদান করা হইবে। নির্ধারিত সময়ের মধ্যে এই অর্থ পরিশোধে ব্যর্থ হইলে বন আইন, ১৯২৭ (সংশোধিত, ২০০০) এর ৮২ নং ধারার ক্ষমতাবলে ১৯১৩ সনের পি,ডি,আর এ্যাক্ট এর বিধান অনুযায়ী সরকারের আর্থিক ক্ষতি আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৮। নিলামের পর বিক্রয় বলিয়াগণ্য বনজদ্রব্যের সকল প্রকার দায়-দায়িত্ব লট ক্রেতার উপর বর্তাইবে। নিলামের পর বিক্রয়কৃত লটের বনজদ্রব্য খোয়া বা বিনষ্ট হইলে তজ্জন্য বন বিভাগ দায়ী থাকিবেন না।

৯। ১,০০,০০০/= টাকার কম মূল্যের লটের রাজস্ব যথা সময়ে পরিশোধের পর সংশ্লিষ্ট বনজদ্রব্য সমূহ ৭(সাত) দিনের মধ্যে ক্রেতাকে সরকারী হেফাজত হইতে স্থানান্তর করিতে হইবে। ১,০০,০০০/= টাকার বেশী মুল্যমানের লট/লট সমূহ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন এবং রাজস্ব যথাসময়ে পরিশোধের পর সংশ্লিষ্ট বনজদ্রব্য পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে সরকারী হেফাজত হইতে স্থানান্তর করিতে হইবে।

(ক) নিলামকৃত গাছের সরবরাহ গ্রহণকালে লটক্রেতা বা তাহার প্রতিনিধি কোন বন কর্মকর্তার সাথে শালীনতা বিরোধী ব্যবহার করিলে বা সন্ত্রাসীমূলক কোন কাজ করিলে সংশ্লিষ্ট লটক্রেতাকে কালো তালিকাভূক্ত করা যাইবে এবং তাহার জামানতের অর্থসহ পরিশোধকৃত অর্থ বাজেয়াপ্ত করা যাইবে।

চলমান পাতা-২

১০। সরকারি বিক্রয় হাতুড়ীর ছাপ (Sale Hammer) এবং চলাচল পাশ ব্যতিরেকে কোন বনজদ্রব্য স্থানান্তর করা যাইবে না।

১১। যাহারা নিলামে সেগুন কাঠ খরিদ করিবেন, তাহাদিগকে ক্রয়কৃত সেগুন কাঠ কোন্ কোন্ স্থানে এবং কোন্ করাত কলে চিড়াই করিবেন, কি কাজে কোথায় ব্যবহার করিবেন বা মজুদ রাখিবেন, তাহা বিভাগীয় বন কর্মকর্তাকে লিখিত ভাবে জানাইতে হইবে।

১২। খরিদকৃত বনজদ্রব্য চিড়াই কিংবা খন্ড করিতে ইচ্ছা করিলে, তাহা চিড়াই কিংবা খন্ড করার পূর্বে বিভাগীয় বন কর্মকর্তার অনুমতি অবশ্যই গ্রহণ করিতে হইবে।

১৩। যাহাদের নামে বন বিভাগের বকেয়া পাওনা আদায়ের জন্য সার্টিফিকেট কেইস বিচারাধীন আছে, কিংবা যাহাদের নিকট অন্য কোন পাওনা বকেয়া আছে বা যাহারা বে-আইনীভাবে বনজদ্রব্য আহরণে ধৃত হইয়াছেন বা যাহাদের নামে বন মামলা বিচারাধীন আছে, তাহাদিগকে নিলাম ডাকিতে দেওয়া হইবে না।

১৪। বিক্রয় নোটিশে সংযুক্ত তপশীলে বর্ণিত লটের তালিকা নিম্নস্বাক্ষরকারী প্রয়োজনবোধে সংশোধন কিংবা নতুন লট সংযোজন করিতে পারিবেন। ইহার জন্য নিম্নস্বাক্ষরকারী কোন প্রকার কারণ দর্শাইতে বাধ্য নহেন।

১৫। প্রয়োজনবোধে নিম্নস্বাক্ষরকারী নিলামের তারিখ পরিবর্তন করিতে অথবা নিলাম মূলতবি রাখিতে পারিবেন। নির্ধারিত তারিখে নিলাম কাজ শেষ না হইলে, নিম্নস্বাক্ষরকারী নিলামস্থলে ঘোষণার মাধ্যমে পরবর্তী দিনে বা দিনসমূহে নিলাম কার্য অব্যাহত রাখিতে পারিবেন।

১৬। একটি লট এককালীন একের অধিক ক্রেতার নিকট বিক্রয় করা হইবে না। তবে কোন লটক্রেতা ইচ্ছা করিলে একের অধিক লট খরিদ করিতে পারিবেন।

১৭। নিলামস্থলে কেহ আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটাইলে অথবা নিলাম বিরোধী কোন প্রকার অপপ্রচার চালাইলে, তাহার মহালদারী লাইসেন্স বাতিল করা সহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হইবে।

১৮। নিলামস্থলে কেহ অনিয়ম সংঘটনের জন্য দলবদ্ধ হইলে এবং কোন প্রকার রিং বা সিন্ডিকেট তৈয়ার করিলে নিম্নস্বাক্ষরকারী নিলাম বন্ধ করিয়া দিতে পারিবেন।

১৯। নিলাম ডাক নিলাম কমিটির নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে, কমিটি নিলাম ডাক সাময়িকভাবে গ্রহণ করিবেন, এই ক্ষেত্রে নিলাম কমিটি কাহারও নিকট জবাবদিহি করিতে বাধ্য নহেন।

২০। এই নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের ব্যাখ্যা বা নিলামের বিষয়ে উত্থাপিত কোন প্রশ্নে বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া পরিগণিত হইবে এবং উক্ত চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা বাধ্যতামূলক হইবে।

২১। বিভাগীয় বন কর্মকর্তা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন সময় অত্র নীলাম বিজ্ঞপ্তির যে কোন শর্ত/শর্তাংশ পরিবর্তন/পরিবর্ধন এবং নতুন শর্ত সংযোজন করার ক্ষমতা রাখেন।

২২। মূদ্রণজনিত কারণে অত্র শর্তাবলীর কোন ভুলত্রুটি সংশোধনের ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

০৯/৬/২০২০

(এস, এম, সাজ্জাদ হোসেন)
বিভাগীয় বন কর্মকর্তা
সিলেট বন বিভাগ, সিলেট
ফোন ঃ ০৮২১-৭১৬৩৫৮
ই-মেইল ঃ-dfosylhet@yahoo.com

০৯/০৬/২০২১

স্মারক নং-২২.০১.০০০০.৬৭২.১৫.০০৫.২১.২০৬৭ তারিখ ঃ ০৯/০৬/২০২১ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হইল ( জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৪। কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৫। বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, বন ভবন,মহাখালী, ঢাকা। এই প্রসংগে তাঁহার দপ্তরের পত্র নং- ২২.০১.০০০০.৬০১.১৭.০০৪.২০.৭৭১ তারিখ-২৮/০৭/২০২০ খ্রিঃ এবং অত্র দপ্তরের পত্র নং-২২.০১.০০০০.৬৭২.১৫.০০৫.২০.২৩২০ তারিখ-২১/০৭/২০২০ খ্রিঃ এর যোগসূত্র উল্লেখ্য।
৬। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
৭। পুলিশ সুপার, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
৮। পরিচালক, ফরেষ্ট্রী সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট, সিলেট।
৯। বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট, সদর দপ্তর মৌলভীবাজার।
১০। পরিচালক (উৎপাদন ও বানিজ্য), বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, ৭৬, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১২। নিবাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১৩। সকল দপ্তর প্রধান, সিলেট জেলা/মৌলভীবাজার জেলা/হবিগঞ্জ জেলা/সুনামগঞ্জ জেলা।
১৪। সহকারী বন সংরক্ষক,সিলেট সদর/শ্রীমঙ্গল/হবিগঞ্জ/সুনামগঞ্জ, সিলেট বন বিভাগ, সিলেট। কোন বনজদ্রব্য বিক্রয়ের ব্যাপারে বিজ্ঞ আদালতের যদি কোন নির্দেশনা থাকে তাহা প্রতিপালন/ নিশ্চিত করনের জন্য তাহাদিগকে অনুরোধ করা হইল।
১৫। রেঞ্জ কর্মকর্তা, টাউন রেঞ্জ/সিলেট রেঞ্জ/সারী রেঞ্জ/মৌলভীবাজার রেঞ্জ/রাজকান্দি রেঞ্জ/জুরী রেঞ্জ/কুলাউড়া রেঞ্জ/বড়লেখা রেঞ্জ/শায়েস্তাগঞ্জ রেঞ্জ/কালেঙ্গারেঞ্জ/রঘুনন্দন রেঞ্জ/সুনামগঞ্জ রেঞ্জ। তাহাদিগকে বিক্রয় বিজ্ঞপ্তি মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করিতে নির্দেশ দেওয়া হইল।
১৬। ওয়েব সাইডে প্রকাশের কপি

০৯/৬/২১

(এস, এম, সাজ্জাদ হোসেন)
বিভাগীয় বন কর্মকর্তা
সিলেট বন বিভাগ, সিলেট
ফোন ঃ ০৮২১-৭১৬৩৫৮
ই-মেইল ঃ-dfosylhet@yahoo.com

০৯/০৬/২০২১